



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং এজি/১১০২(ক-৩)/০৬(অংশ-২)/১৪/১৪

তারিখ : ৭/০৩/২০২১ খ্রি.

বিষয় : ঢাকা জেলার তেজগাঁও কলেজের তৃতীয় শিক্ষক হিসেবে জনাব নাছিমা আক্তার, প্রভাষক(গণিত) পদে এম.পি.ও ভুক্তির বিষয়ে মতামত প্রদান।

সূত্র : স্মারক নং তেক/এমপিও/২০১২২৩(৮০) তারিখ : ২৩.১২.২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা জেলার তেজগাঁও কলেজের জনাব নাছিমা আক্তার, প্রভাষক(গণিত) কে তৃতীয় শিক্ষক হিসেবে এম.পি.ও ভুক্ত করার জন্য প্রতিষ্ঠান থেকে আবেদন করেন। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০১.২০১৪(খন্ড-১).৩৫৩ তারিখ : ২৮/০৮/২০১৮ খ্রি. পরিপত্র মোতাবেক ০৪.০২.২০১০ তারিখের পূর্বে প্রচলিত বিধি মোতাবেক তৃতীয় শিক্ষক হিসেবে নিয়োগকৃত শিক্ষককে এম.পি.ও ভুক্ত করার সিদ্ধান্ত প্রদান করেন। জনাব নাছিমা আক্তার, প্রভাষক(গণিত) এর নিয়োগ বিজ্ঞপ্তি, নিয়োগপত্র, যোগদানপত্র, তৃতীয় শিক্ষক হিসেবে প্রমাণক, চাকুরির প্রকৃত ধারাহিকতা, উপস্থিতি রেজিস্টার যাচাই, শ্রেণিকক্ষের রেজিস্টারের স্বাক্ষরসহ নিয়োগ সংক্রান্ত রেকর্ডপত্র যাচাইপূর্বক উক্ত শিক্ষক স্নাতক(পাস) পর্যায়ের তৃতীয় শিক্ষক হিসেবে নিয়োগ যথাযথ কিনা সে বিষয়ে সরেজমিনে তদন্ত করার জন্য উপপরিচালক(কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হলো।

এমতাবস্থায়, প্রতিষ্ঠানটি সরেজমিনে পরিদর্শন করে নিয়োগ সংক্রান্ত রেকর্ডপত্র যাচাইপূর্বক তৃতীয় শিক্ষক হিসেবে এম.পি.ও ভুক্তির বিষয়ে সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

*আবদুল কাদের*

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক(কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

উপপরিচালক(কলেজ)  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা  
ঢাকা অঞ্চল, ঢাকা।

বিতরণ :

- (১) সভাপতি, গভর্নিং বডি, তেজগাঁও কলেজ, তেজগাঁও, ঢাকা;
- (২) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা;
- (৩) অধ্যক্ষ, তেজগাঁও কলেজ, ঢাকা; (তদন্ত কর্মকর্তাকে তদন্তকাজে সার্বিক সহযোগিতার অনুরোধসহ)
- (৪) সংরক্ষণ নথি।